

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

অডিট অধিশাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.motj.gov.bd

স্মারক নং: ২৪.০০.০০০০.১১৩.৯৯.০০১.১৮.৩৪

তারিখ: ১১/০২/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ- “জাতীয় পাট দিবস-২০১৮” উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং: ২৪.০০.০০০০.১১৯.৯৯.০০৫.১৭.০৫, তারিখঃ ১০/০১/২০১৮ খ্রিঃ।

জাতীয় পাট দিবস-২০১৮ উদযাপন উপলক্ষে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের মধ্যে রচনা প্রতিযোগিতা আয়োজন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কেন্দ্রীয় পর্যায়ে নির্বাচিতদের পুরস্কার ও সনদপত্র বিতরণ করবেন। জাতীয় পাট দিবস-২০১৮ এর মূল প্রতিপাদ্য বিষয় ও প্রনিধানযোগ্য বিষয়ের উপর ভিত্তি করে দুটি গ্রুপের রচনার বিষয় নিম্নরূপঃ-

০১। জাতীয় অর্থনীতি ও পরিবেশ সংরক্ষণে “সোনালি আঁশ” পাটের ভূমিকা (‘ক’-গ্রুপ);

০২। পাট শিল্পের পুনরুজ্জীবন, আধুনিকায়ন ও পাটের বহুমুখী ব্যবহার (‘খ’-গ্রুপ)।

বিভাগীয় কমিশনারগণকে সংশ্লিষ্ট বিভাগের আওতাধীন সকল জেলা হতে প্রাপ্ত ‘ক’ ও ‘খ’ গ্রুপের নির্বাচিত প্রথম স্থান অধিকারী ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে প্রাপ্ত রচনা/প্রবন্ধ যাচাই করে বিভাগের দুইজন (প্রতি গ্রুপ হতে একজন) নির্বাচন করে আগামী ১৫/০২/২০১৮ তারিখের মধ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ হলো। উল্লেখ্য যে, জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্ববান কর্মকর্তা কর্তৃক প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র/ছাত্রীদের জন্ম সনদপত্রসহ ০২ কপি পাসপোর্ট সাইজ ও দুই কপি স্ট্যাম্প সাইজের ছবি, তাদের জীবন বৃত্তান্ত এবং লিখিত রচনা/প্রবন্ধ সত্যায়িত কপিসমূহও এতদসঙ্গে প্রেরণ করতে হবে।

বিষয়টি জরুরী।



হোমায়রা বেগম

উপসচিব (অডিট) এবং সদস্য-সচিব

রচনা প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি

ফোন ও মোবাইল: ৯৫৪৫০৫১/০১৭১১৯৬৯২১৯

ই-মেইলঃ audit@motj.gov.bd

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

০১। বিভাগীয় কমিশনার (সকল), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।

অনুলিপিঃ-

- ০১। অতিরিক্ত সচিব, (পবি) ও আহবায়ক, রচনা প্রতিযোগিতা উপকমিটি, জাতীয় পাট দিবস-২০১৮, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, বিজেএমসি/বিটিএমসি/বিজেসি (বিলুপ্ত)/বাতাঁবো, ঢাকা।
- ০৩। মহা-পরিচালক, পাট অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রোগ্রামার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা (ই-মেইল করার জন্য অনুরোধ করা হলো)